

51

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি  
বিভাগের পাঁচ মেধাবী  
শিক্ষার্থীকে বৃত্তিদানের সিদ্ধান্ত

ইত্তেফাক রিপোর্ট ॥ গত শনি-  
বার ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি  
বিভাগ এলামনাই এসোসিয়েশনের  
নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত  
মোতাবেক বিভাগের ৫ জন অভাবী  
মেধাবী ছাত্রকে এককালীন বিশেষ  
বৃত্তি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়।  
আগামী ১৩ই নভেম্বর এসোসিয়ে-  
শনের সভাপতি বাংলাদেশ ব্যাংকের  
গভর্নর ড: মো: ফরাসউদ্দিন বিভা-  
গের এই ৫ জন ছাত্রের হাতে  
বৃত্তির অর্থ তুলিয়া দিবেন। এই-  
দিন বিভাগের প্রফেসর ও সমিতির  
সাধারণ সম্পাদক ড: এম এ তালিমের  
নির্ধারিত ক্লাস তাঁহার পরিবর্তে ড:  
মো: ফরাসউদ্দিন গ্রহণ করিবেন।  
এক সময় তিনি এই বিভাগের শিক্ষক  
ছিলেন। সভায় সিদ্ধান্ত মোতাবেক  
বিভিন্ন পেশায় নিয়োজিত বিভাগের  
প্রাক্তন মেধাবী শিক্ষার্থীগণ পর্যায়ক্রমে  
এই ধরনের ক্লাস নিবেন। সভায়  
দেশে-বিদেশে অবস্থানরত আন্তর্জাতিক  
খ্যাতিসম্পন্ন অর্থনীতিবিদদের অংশ-  
গ্রহণের মাধ্যমে দেশ ও জাতির  
কল্যাণার্থে অর্থনীতির গুরুত্বপূর্ণ  
বিষয়ের উপর বৎসরে ককপক্ষে  
একবার সেমিনার অনুষ্ঠানের সিদ্ধান্ত  
নেওয়া হয়। ড: মো: ফরাসউদ্দিনের  
সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায়  
আলোচনা করেন নির্বাহী কমিটির  
কর্মকর্তা ড: ফজলুল হক, অতিরিক্ত  
সচিব গোলাম রহমান, কমিশনার  
(কাষ্টমস) মো: আবুল কাশেম, প্রফে-  
সর ড: মো: ফরিদউদ্দিন, বাংলাদেশ  
ব্যাংকের জিএম হাবিবউল্লাহ বাহার,  
সাংবাদিক আব্বাস উদ্দিন আফগারী,  
ইডেন কলেজের অর্থনীতি বিভাগের  
প্রধান বিলকিস আরা শিরিন প্রমুখ।